

# 45th Anniversary of entry into force of the Biological and Toxin Weapons Convention (BWC)

March 27, 2020

## জৈব এবং বিষাক্ত অস্ত্র সন্ধি (BWC) - কার্যকর হবার 45 তম বার্ষিক সম্মেলন

মার্চ 27, 2020

26শে মার্চ 2020 তারিখে জৈব এবং বিষাক্ত অস্ত্র সন্ধি (BWC) কার্যকর হবার 45 তম বার্ষিকী উদযাপন উপলক্ষে ভারত উচ্চগুরুত্ব আরোপ করে পুণরায় উল্লেখ করেছে যে, গণবিধ্বংসী সকল প্রকারের অস্ত্র নিষিদ্ধ করার জন্য প্রথম বিশ্বব্যাপী এবং অবৈষম্যমূলক নিরস্ত্রীকরণ সম্মেলন হিসেবে ভারত সবসময় BWC - র সাথে যুক্ত রয়েছে। আমরা, এর সাথে যুক্ত সকল দেশ দ্বারা এর সার্বভৌমিকতা এবং কার্যকর রূপে একে কার্যে পরিণত করাকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করি।

আমরা যেহেতু 2021 সালে এই সন্ধির নবম সমীক্ষা সম্মেলনের দিকে অগ্রসর হচ্ছি। আমরা, এর সাথে যুক্ত সকল দেশ দ্বারা এই সন্ধিকে কার্যে পরিণত করাকে মজবুত করার জন্য, এবং এর সাথে পূর্ণ সম্মত থাকাকে সুনিশ্চিত করা এবং অস্বমত থাকাকে প্রতিরোধ করার জন্য একটি ব্যাপক এবং অবৈষম্যমূলক আইনী বাধ্যতামূলক প্রোটকলের সমঝোতা সহ এই সন্ধিকে সাংগঠনিকভাবে শক্তিশালী করার জন্য আমাদের আহবানের কথা পুনরাবৃত্তি করছি; যা কিনা একটি ব্যাপক এবং বৈষম্যহীন সত্যপ্রতিপাদন পদ্ধতি প্রদান করে।

ভারত দৃঢ়ভাবে বিশ্বাস করে যে, বিডবলিউসি-র কনভেনশনের সাথে প্রাসঙ্গিক নতুন এবং উদীয়মান বৈজ্ঞানিক এবং প্রযুক্তিগত বিকাশ দ্বারা উৎপন্ন চ্যালেঞ্জকে কার্যকরীরূপে অবশ্যই মোকাবিলা করতে হবে। ভারত রাষ্ট্রপুঞ্জের মহাসভায় “ আন্তর্জাতিক নিরাপত্তা এবং নিরস্ত্রীকরণের পরিপ্রেক্ষিতে বিজ্ঞান এবং প্রযুক্তির ভূমিকা”-র উপরে একটি বার্ষিক প্রস্তাব পেশ করেছে, যেটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে।

কোভিড- 19 -র কারণে অতিমারির বিশ্বব্যাপী আর্থিক এবং সামাজিক বিজড়িতকরণ, হ-কে সাংগঠনিকভাবে শক্তিশালী করা সহ আন্তর্জাতিক সহযোগিতার প্রয়োজনীয়তার উপরে রেখাপাত করেছে।

এর অতিরিক্ত, সন্ধির সকল দিকগুলিকে পূর্ণমাত্রায় এবং কার্যকররূপে কার্যে পরিণত করার লক্ষ্যে বিডবলিউসি-তে অংশগ্রহণকারী সকল দেশগুলির মধ্যে সহযোগিতাকে মজবুত করার প্রয়োজনীয়তার উপরে রেখাপাত করেছেন।

ভারত একটি আর্টিকেল VII প্রতিষ্ঠা করার জন্য সহযোগী দেশগুলির সাথে একসাথে কাজ করে চলেছে, যেটি জৈব-ভীতি এবং জৈব-জরুরী অবস্থাকে সামলাবার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

ভারত, রাষ্ট্রপুঞ্জের “গণ বিশ্বংসী অস্ত্র পাওয়ার হাত থেকে সন্ত্রাসবাদীদের প্রতিহতকরার পদক্ষেপ গ্রহণ” শীর্ষক মহাসভাতে বার্ষিক প্রস্তাবের মাধ্যমে , ভবিষ্যতে সন্ত্রাসবাদীদের জৈব অস্ত্রহিসেবে জীবাণু ব্যবহারের সম্ভাব্য বিপদের উপরে রেখাপাত করেছে, যেটি 2002 সাল থেকে প্রতিবছর সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ে আসছে।

ভারত, বিডবলিউসি-র সকল অংশভাগী দেশগুলিকে উৎসাহের সাথে এবং অক্ষরে অক্ষরে কনভেনশনের সম্পূর্ণ এবং কার্যকররূপে পালন এবং এর সাথে সম্পূর্ণরূপে সম্মত হবার জন্য তাদের পুনঃপ্রতিজ্ঞা পালনের একটি সুযোগ হিসেবে গ্রহণ করার আহবান জানিয়েছে। ভারত এই কনভেনশনকে সকল দিক দিয়ে মজবুত করার লক্ষ্যে সহযোগী সকল অংশীদারী দেশগুলির সাথে একসাথে কাজ চালিয়ে যাবার জন্য তার দোদুল্লমানহীন প্রতিজ্ঞার কথা পুনরায় দৃঢ়তার সাথে সুনিশ্চিত করেছে।

নিউ দিল্লি

মার্চ 26, 2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.